14

দৈনিক খবর

তারিখ ... ১৬.৯.৯১ ...
পৃষ্ঠা ... ১ ... কলাম .. ৫ ...

ক্যাম্পাসে উত্তেজনা

# চট্টগ্রাম মেডিকেল কলেজ অনির্দিষ্টকালের জন্যে বন্ধ ঘোষণা

।। স্টাফ রিপোর্টার ।।

চট্টগ্রাম, ১৫ই সেপ্টেম্বর।- চট্টগ্রাম মেডিকেল কলেজ আজ অনির্দিষ্টকালের জন্যে বন্ধ ঘোষণা করা হয়েছে। ক্যাম্পাসে পরিস্থিতি অবনতি হতে পারে আশংকায় কলেজ প্রাশসন এ ব্যবস্থা নিয়েছেন।

কর্তৃপক্ষের নির্দেশে ছাত্ররা ইতিমধ্যে হোস্টেল ত্যাগ করেছে। অবশ্য ৫ম বর্ষের ছাত্র এবং বিদেশী

শেষ পৃষ্ঠায় ১ম কলামে

## চট্টগ্রাম মেডিকেল

প্রথম পৃষ্ঠার পর

ছাত্ররা এ নির্দেশের বাইরে। আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনার প্রাণনাশের অপচেষ্টার প্রতিবাদে মেডিকেল কলেজ ক্যাম্পাসে ছাত্রলীগের মিছিলে গত বৃহস্পতিবার একদল যুবক হামলা করে। হামলার জন্যে ছাত্রদল দায়ী বলে ছাত্রলীগ অভিযোগ করেছে।

বৃহস্পতিবারের ঘটনার পর থেকে ক্যাম্পাসের অবস্থা ছিল উত্তেজনাময়। গোলযোগ হতে পারে আশংকায় কলেজ কর্তৃপক্ষ গতকাল এক বৈঠকে বন্ধ ঘোষণার সিদ্ধান্ত নেন এবং ছাত্রদের অবিলম্বে হোস্টেল ত্যাগের নির্দেশ দেন।